# সন্ধ্যায় জামায়াত আমির প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করবেন



সংগৃহীত ছবি

রোববার (১৮ জানুয়ারি) সন্ধ্যা সাড়ে ৬টায় জামায়াতের আমির ডা. শফিকুর রহমান রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করবেন। এই সাক্ষাতের জন্য জামায়াতের পক্ষ থেকে চার সদস্যের একটি প্রতিনিধি দল গঠন করা হয়েছে।

প্রতিনিধি দলে থাকবেন নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের, সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এবং সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান।

জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় মিডিয়া ও প্রচার বিভাগের প্রধান অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের এই সাক্ষাতের তথ্য নিশ্চিত করেছেন।

LENS ASIA